West Zone Power Dist.
Co. Ltd. Khulna.
Received No.
Date. ৩১/০১/২৩
Executive Director
Fin/Opr/P&D
CE. O&M S&D/ESC & S
CS/SE(P&D)/DGM(HR)/
Acclt/Audit/Fin/Com/PD
File

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৩০, ২০২৩

SF, Com

ED(Opn)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**সমন্বয়-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/৩০ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ২৪-আইন/২০২৩।**—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, ভর্তুকি সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, এ বিভাগ কর্তৃক ১২ জানুয়ারি, ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নম্বর ০৯ আইন/২০২৩ এর নিম্নরূপ সংশোধন করল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-১ এবং উহার ফুটনোটসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত টেবিল-১ এবং ফুটনোটসমূহ প্রতিস্থাপিত হবে, যথা:—

**"টেবিল-১**

**খুচরা বিদ্যুৎ মূল্যহার**

**ক. নিম্নচাপ (এলটি) : ২৩০/৪০০ ভোল্ট**

| | | |
|---|---|---|
| বিদ্যুৎ সরবরাহ | : | নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং তিন ফেজ ৪০০ ভোল্ট |
| ফ্রিকোয়েন্সি | : | ৫০ সাইকেল/সেকেন্ড |
| অনুমোদিত লোড | : | সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০-৮০ কি.ও.[১] |


মূল্য : টাকা ৮.০০

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/ কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১. | **এলটি-এঃ আবাসিক** | | ৩৫.০০ |
| | লাইফ লাইন : ০-৫০ ইউনিট | ৪.১৪[৩] | |
| | প্রথম ধাপ : ০-৭৫ ইউনিট | ৪.৬২ | |
| | দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট | ৬.৩১ | |
| | তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট | ৬.৬২ | |
| | চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট | ৬.৯৯ | |
| | পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট | ১০.৯৬ | |
| | ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১২.৬৩ | |
| ২. | **এলটি-বিঃ সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প** | ৪.৫৯ | ৩৫.০০ |
| ৩. | **এলটি-সি ১ঃ ক্ষুদ্র শিল্প** | | ৪০.০০ |
| | ফ্ল্যাট | ৯.৪১ | |
| | অফ-পীক | ৮.৪৬ | |
| | পীক | ১১.২৯ | |
| ৪. | **এলটি-সি ২ঃ নির্মাণ** | ১৩.২৩ | ১০০.০০ |
| ৫. | **এলটি-ডি ১ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল** | ৬.৬৪ | ৫০.০০ |
| ৬. | **এলটি-ডি ২ঃ রাস্তার বাতি ও পানির পাম্প** | ৮.৪৯ | ৭৫.০০ |
| ৭. | **এলটি-ডি ৩ঃ ব্যাটারি চার্জিং স্টেশন** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৮.৪২ | |
| | অফ-পীক[৪] | ৭.৫৮ | |
| | সুপার অফ-পীক[৫] | ৬.৭৪ | |
| | পীক[৬] | ১০.৫৩ | |

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/ কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ৮. | **এলটি-ই: বাণিজ্যিক ও অফিস** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ১১.৩৬ | |
| | অফ-পীক | ১০.২২ | |
| | পীক | ১৩.৬৩ | |
| ৯. | **এলটি-টি: অস্থায়ী** | ১৭.৬৪ | ১০০.০০ |

**খ. মধ্যমচাপ (এমটি) : ১১ কেভি**

**বিদ্যুৎ সরবরাহ : মধ্যমচাপ এসি ১১ কেভি**

**ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড**

**অনুমোদিত লোড : ৫০ কি. ও. এর অব্যবহিত উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ৫ মে.ও.**

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১. | **এমটি-১: আবাসিক** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.২৬ | |
| | অফ-পীক | ৮.৩৪ | |
| | পীক | ১১.৫৮ | |
| ২. | **এমটি-২: বাণিজ্যিক ও অফিস** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ১০.০৫ | |
| | অফ-পীক | ৯.০৫ | |
| | পীক | ১২.৫৭ | |

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ৩. | **এমটি-৩: শিল্প** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.৪৩ | |
| | অফ-পীক | ৮.৪৯ | |
| | পীক | ১১.৭৮ | |
| ৪. | **এমটি-৪: নির্মাণ** | | ১০০.০০ |
| | ফ্ল্যাট | ১২.৬৩ | |
| | অফ-পীক | ১১.৩৭ | |
| | পীক | ১৫.৮০ | |
| ৫. | **এমটি-৫: সাধারণ**[৭] | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.৩১ | |
| | অফ-পীক | ৮.৩৯ | |
| | পীক | ১১.৬৪ | |
| ৬. | **এমটি-৬: অস্থায়ী** | ১৬.৫৪ | ১০০.০০ |
| ৭. | **এমটি-৭: ব্যাটারি চার্জিং স্টেশন** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৮.৩৪ | |
| | অফ-পীক[৪] | ৭.৫০ | |
| | সুপার অফ-পীক[৫] | ৬.৬৭ | |
| | পীক[৬] | ১০.৪২ | |
| ৮. | **এমটি—৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৫.৫১ | |
| | অফ-পীক | ৪.৯৭ | |
| | পীক | ৬.৮৯ | |

**গ. উচ্চচাপ (এইচটি): ৩৩ কেভি**

**বিদ্যুৎ সরবরাহ : উচ্চচাপ এসি ৩৩ কেভি**

**ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড**

**অনুমোদিত লোড : ০৫ মে.ও. এর অব্যবহিত উর্ধ্ব থেকে অনূর্ধ্ব ৩০ মে.ও. (২০ মে.ও. এর উর্ধ্বে অবশ্যই ডাবল সার্কিট)**

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.²/মাস] |
|---|---|---|---|
| (১) | | (২) | (৩) |
| ১. | **এইচটি-১: সাধারণ** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.২৭ | |
| | অফ-পীক | ৮.৩৫ | |
| | পীক | ১১.৫৯ | |
| ২. | **এইচটি-২: বাণিজ্যিক ও অফিস** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.৯৪ | |
| | অফ-পীক | ৮.৯৬ | |
| | পীক | ১২.৪৩ | |
| ৩. | **এইচটি-৩: শিল্প** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.৩১ | |
| | অফ-পীক | ৮.৩৯ | |
| | পীক | ১১.৬৪ | |
| ৪. | **এইচটি-৪: নির্মাণ** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ১১.৬৯ | |
| | অফ-পীক | ১০.৫২ | |
| | পীক | ১৪.৬১ | |

**ঘ. অতি উচ্চচাপ (ইএইচটি): ১৩২ কেভি এবং ২৩০ কেভি**

**বিদ্যুৎ সরবরাহ : অতি উচ্চচাপ এসি ১৩২ কেভি এবং ২৩০ কেভি**

**ফ্রিকোয়েন্সি : ৫০ সাইকেল/সেকেন্ড**

**অনুমোদিত লোড : ইএইচটি-১ : ২০ মে.ও. থেকে অনূর্ধ্ব ১৪০ মে.ও. (কারিগরি বিবেচনায় সিঙ্গেল অথবা ডাবল সার্কিট)**

**ইএইচটি-২ : ১৪০ মে.ও. এর উর্ধ্বে**

| | গ্রাহক শ্রেণি | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও.[২]/মাস] |
|---|---|---|---|
| | (১) | (২) | (৩) |
| ১. | **ইএইচটি-১: সাধারণ** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.২২ | |
| | অফ-পীক | ৮.৩০ | |
| | পীক | ১১.৫২ | |
| ২. | **ইএইচটি-২: সাধারণ** | | ৭৫.০০ |
| | ফ্ল্যাট | ৯.১৭ | |
| | অফ-পীক | ৮.২৪ | |
| | পীক | ১১.৪৬ | |

[১] নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কি.ও. অনুমোদিত লোড পর্যন্ত নিম্নচাপ (এলটি) গ্রাহক হিসেবে বিবেচিত হবে। প্রয়োজন অনুসারে ৫০ কি.ও. থেকে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক নিম্নচাপ (এলটি) অথবা মধ্যমচাপ (এমটি) গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হতে পারবে। তবে ৫০ কি.ও. থেকে ৮০ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাদের বর্তমান গ্রাহকশ্রেণি (অনুমোদিত লোড ৫০ কি.ও. পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কি.ও. এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কি.ও. পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকবে।

[২] ডিমান্ডচার্জ নিরূপণের ক্ষেত্রে নিম্নোক্তভাবে ডিমান্ড (কি.ও.) বিবেচনায় নিতে হবে:

(ক) সকল এলটি এবং এমটি গ্রাহকের ক্ষেত্রে অনুমোদিত লোড (কি.ও.) প্রযোজ্য হবে; এবং

(খ) সকল এইচটি এবং ইএইচটি গ্রাহকের ক্ষেত্রে রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা (কি.ও.) অথবা অনুমোদিত লোডের (কি.ও.) ৮০% এর মধ্যে যেটি সর্বোচ্চ তা প্রযোজ্য হবে।

[৩] বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর যে সকল পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) এর লাইফ-লাইন (০-৫০ ইউনিট) গ্রাহকের এনার্জি রেট/চার্জ ৪.১৪ টাকা/কি.ও.ঘ. এর উর্ধে সে সকল পবিস এর বিদ্যমান এনার্জি রেট/চার্জ অপরিবর্তিত থাকবে। লাইফ লাইন (০-৫০ ইউনিট) মূল্যহারের সুবিধা আবাসিক গ্রাহকশ্রেণির অন্য কোনো গ্রাহক পাবেন না।

[৪] প্রযোজ্য সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে সাধারণভাবে রাত ১১:০০ টা হতে পরদিন বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসেবে গণ্য হবে। তবে শুধুমাত্র এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহকশ্রেণির ক্ষেত্রে রাত ১১:০০ টা হতে পরদিন সকাল ৫:০০ টা পর্যন্ত এবং সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সময় অফ-পীক হিসেবে গণ্য হবে।

[৫] এলটি-ডি ৩ এবং এমটি-৭ গ্রাহকশ্রেণির ক্ষেত্রে সকাল ৫:০০—৯:০০টা পর্যন্ত সময় সুপার অফ-পীক হিসেবে গণ্য হবে।

[৬] প্রযোজ্য সকল গ্রাহক শ্রেণির ক্ষেত্রে সাধারণ ভাবে বিকাল ৫:০০ টা হতে রাত ১১:০০ টা পর্যন্ত সময় পীক হিসেবে গণ্য হবে।

[৭] বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এর আওতাধীন এমটি-৫ গ্রাহকশ্রেণির মধ্যে যাদের বিদ্যুৎ ব্যবহার প্রধানত (প্রায় ৮০%) আবাসিক ধরনের যেমন- ডরমিটরিসহ সেনানিবাস বা বিশ্ববিদ্যালয়- সেসব ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুতের ২০% এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ (৯.৩১ টাকা/কি.ও.ঘ.), ৭২% এলটি-এ এর তৃতীয় ধাপ এবং চতুর্থ ধাপের গড় এনার্জি রেট/চার্জ (৬.৮১ টাকা/কি.ও.ঘ.) এবং ৮% এলটি-এ এর ষষ্ঠ ধাপের এনার্জি রেট/চার্জ (১২.৬৩ টাকা/কি.ও.ঘ.) অনুসারে বিল করতে হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ বিদ্যুৎ পূর্বের নিয়মের ধারাবাহিকতায় এমটি-৫ এর এনার্জি রেট/চার্জ অনুসারে বিল করতে হবে।”।

২। এই প্রজ্ঞাপনের অধীন নির্ধারিত খুচরা বিদ্যুৎ মূল্যহার বিল মাস ফেব্রুয়ারি, ২০২৩ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.এম. মাজহারুল ইসলাম**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd